

জাপানে ধনী পর্যটকদের জন্য চালু হচ্ছে হোন্ডাজেট

- A Monitor Desk Report

Date: 20 June, 2024



টোকিও: পর্যটন গন্তব্য হিসেবে বিদেশীদের কাছে জাপান দিন দিন আগের চেয়ে বেশি কাঙ্ক্ষিত হয়ে উঠছে। এ সুযোগ লুফে নিচ্ছে পরিষেবা খাতের কোম্পানিগুলো। বিদেশীদের সামনে রেখে সম্প্রতি হোন্ডাজেট বিজনেস এয়ারক্রাফটের নতুন পরিষেবা চালুর কথা জানিয়েছে হোন্ডা মোটর।

কোম্পানিটি আকাশপথে বিদেশী দর্শনার্থী ও অন্যান্য গ্রাহককে বিভিন্ন গন্তব্যে পৌঁছে দিতে ট্রাভেল এজেন্সিগুলোকে সাহায্য করবে। আপাতত এ পরিষেবার অধীনে হোন্ডাজেট নির্বাচিত কিছু বিমানবন্দরকে বেছে নিয়েছে। এসব গন্তব্যে আকাশপথ ছাড়াও মধ্যবর্তী সড়কপথে ভ্রমণসহ যাবতীয় পরিবহন পরিচালনা করবে কোম্পানিটি। এজন্য প্রতি ৩০০ কিলোমিটারে ট্রাভেল এজেন্সিগুলো থেকে নির্দিষ্ট হারে ফি নেবে হোন্ডা।

চলতি মাসের শেষ দিকে শুরু হতে যাওয়া পরিষেবায় এর মধ্যে চারটি কোম্পানি যুক্ত হয়েছে। ট্রাভেল কোম্পানি জাপানটিকিট ভ্রমণ সেবার জন্য প্রতি রাতে ১৫ লাখ ইয়েন বা সাড়ে ৯ হাজার ডলার প্রারম্ভিক ফি ধরেছে। তাদের প্রস্তাবে ইয়ামাগুচি ও তোয়ামা প্রিফেকচারের মতো আকর্ষণীয় গন্তব্য অন্তর্ভুক্ত। ফুজি পর্বত বা গেইশা অধ্যুষিত অঞ্চলের মতো আন্তর্জাতিক পরিচিত কিছু পর্যটন গন্তব্য রয়েছে জাপানে। এর বাইরে আজকাল দূরবর্তী অঞ্চলগুলো দেখার প্রতি বিদেশী পর্যটকদের আগ্রহ ক্রমবর্ধমান হারে বাড়ছে। কিন্তু বড় শহরের কাছাকাছি না হলে সচরাচর এসব প্রত্যন্ত অঞ্চলে আকাশপথে ভ্রমণ পরিষেবা অপ্রতুল।

হোন্ডাজেট ওইসব অঞ্চলে ভ্রমণের সময় কমিয়ে দেবে। বিশেষ করে সম্পদশালী ভ্রমণকারীদের কাছে এ ধরনের

সেবা বেশ কাঙ্ক্ষিত বলে জানা যাচ্ছে।

-B